# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন

## সমন্বিত নীতিমালা, ২০২৫

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**২০২৫**

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন

## মুখবন্ধ

অনগ্রসর জনগোষ্ঠী বাংলাদেশের মোট জনসংখ্যার একটি ক্ষুদ্র অংশ। সমাজসেবা অধিদপ্তরের গত ২০১৫ থেকে ২০১৬ সালে সম্পাদিত জরিপ অনুযায়ী বাংলাদেশে অনগ্রসর জনগোষ্ঠীর সংখ্যা প্রায় ১৪,৯০,০০০ জন। অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন তথা এ জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতধারায় ফিরিয়ে আনতে সরকার বিভিন্ন কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় ২০১২-১৩ অর্থবছর হতে দলিত, হরিজন, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। সামাজিক, অর্থনৈতিক ও শিক্ষাগত দিক দিয়ে চরম অবহেলিত, বিছিন্ন, উপেক্ষিত সম্প্রদায় বা শ্রেণী অনগ্রসর জনগোষ্ঠী হিসেবে পরিচিত।

অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা, চিকিৎসা, বাসস্থান ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিতকরণ এবং আর্থসামাজিক অবস্থার উন্নয়ন সর্বোপরি তাদেরকে সমাজের মূল স্রোতধারায় এনে দেশের সার্বিক উন্নয়নে সম্পৃক্তকরণ অতীব জরুরী। পৃথিবীর অন্যান্য কল্যাণ রাষ্ট্রের ন্যায় বাংলাদেশ সরকার সামাজিক নিরাপত্তা কার্যক্রম সুদৃঢ়করণের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে বর্তমানে হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচী, দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি এবং অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচিসমূহ বাস্তবায়ন করছে। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ (National Social Security Strategy - NSSS) অনুযায়ী সমজাতীয়, ক্ষুদ্র বিভিন্ন কর্মসূচি একীভূত করার নির্দেশনা থাকায় উক্ত কর্মসূচিসমূহ একত্রিত করে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে অনগ্রসর "জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন" শীর্ষক শিরোনামে সমন্বিত নীতিমালা, ২০২৫ প্রণয়ন করা হয়েছে।

**"অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন"** শীর্ষক শিরোনামে বাস্তবায়িত হলে সমাজের অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমানের যথাযথ উন্নয়ন সম্ভব হবে। এ সমন্বিত নীতিমালা অনুসরণে কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলে অর্পিত দায়িত্ব নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালন করতে সক্ষম হবেন মর্মে আমার বিশ্বাস। সমন্বিত নীতিমালা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ।

২৫/০৬/২৫

(ড. মোঃ মহিউদ্দিন)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা - ১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

# List of Abbreviation

(১) "DDO" অর্থ Drawing and Disbursing Officer;
(২) "DIS" অর্থ Disability Information System;
(৩) "EFT" অর্থ কার্যক্রমের আওতায় Electronic Fund Transfer;
(৪) "G2P" অর্থ Government to Person;
(৫) "MIS" অর্থ Management Information System;
(৬) "NSSS" অর্থ National Social Security Strategy;
(৭) "SMS" অর্থ Short Message Service;
(৮) "PMT" অর্থ Proxy Means Test.
(৯) "NID" অর্থ National Identity Card.

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

## সূচিপত্র:


| অনুচ্ছেদ | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | পটভূমি | ১ |
| ২. | শিরোনাম | ২ |
| ৩. | সংজ্ঞা | ২ |
| ৪. | লক্ষ্য ও উদ্দেশ্য | ৩ |
| ৫. | কার্যক্রমসমূহ | ৩ |
| ৬. | কার্যক্রমের পরিধি | ৩ |
| ৭. | কার্যক্রম বাস্তবায়ন কৌশল | ৩ |
| ৮. | তথ্য ভান্ডার ও ব্যবস্থাপনা | ৩ |
| ৯. | প্রচার-প্রচারণা | ৩ |
| ১০. | আবেদন গ্রহণ | ৩ |
| ১১. | বাছাই পদ্ধতি | ৪ |
| ১২. | MIS–এ তথ্য সন্নিবেশন | ৪ |
| ১৩. | নির্ধারিত সময়সীমা | ৫ |
| ১৪. | কার্যক্রম বাস্তবায়ন-প্রক্রিয়া | ৫ |
| ১৫. | সুবিধা বাতিল | ৬ |
| ১৬. | পরিশোধ পদ্ধতি | ৬ |
| ১৭. | প্রতিস্থাপন পদ্ধতি | ৭ |
| ১৮. | হিসাব নম্বর পরিবর্তন | ৭ |
| ১৯. | প্রশিক্ষণ | ৭ |
| ২০. | তথ্য-উপাত্ত ও সুবিধাভোগীর সংখ্যা সংরক্ষণ | ৯ |
| ২১. | ইউনিয়ন কমিটি | ৯ |
| ২২. | উপজেলা কমিটি | ১০ |
| ২৩. | পৌরসভা কমিটি | ১০ |
| ২৪. | সিটি কর্পোরেশন কমিটি | ১১ |
| ২৫. | জেলা সমন্বয় কমিটি | ১১ |
| ২৬. | জাতীয় স্টিয়ারিং কমিটি | ১২ |
| ২৭. | পরিবীক্ষণ ও মূল্যায়ণ | ১২ |
| ২৮. | কমিটি'র নির্দেশনা বাস্তবায়ন | ১৩ |
| ২৯. | নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা | ১৩ |
| ৩০. | পরিশিষ্ট (ক-ঢ) | ১৪-২৩ |


মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন

**পটভূমি:**

সমাজের অনগ্রসর জনগোষ্ঠীর মৌলিক অধিকার সংরক্ষণ তথা শিক্ষা, চিকিৎসা, বাসস্থান নিশ্চিতকরণ, আর্থসামাজিক অবস্থার উন্নয়ন সর্বোপরি তাদের সমাজের মূল স্রোতধারায় এনে দেশের সার্বিক উন্নয়নে সম্পৃক্তকরণ অতীব জরুরী। এ লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ সরকার সমাজের দুঃস্থ, অবহেলিত, সুবিধাবঞ্চিত, এতিম, প্রতিবন্ধী এবং অনগ্রসর জনগোষ্ঠীর কল্যাণে সামাজিক নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে। বাংলাদেশ সংবিধানের মৌলিক প্রয়োজনের ব্যবস্থা সংক্রান্ত ১৫(ঘ) অনুচ্ছেদে সামাজিক নিরাপত্তার অধিকার সম্পর্কে উল্লেখ করা হয়েছে **"সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ বেকারত্ব, ব্যাধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধব্য, মাতাপিতৃহীনতা বা বার্ধক্যজনিত কিংবা অনুরূপ অন্যান্য পরিস্থিতিজনিত আয়ত্তাতীত কারণে অভাবগ্রস্ততার ক্ষেত্রে সরকারী সাহায্যলাভের অধিকার"**-এ সাংবিধানিক বাধ্যবাধকতার অংশ হিসেবে বাংলাদেশ সরকার সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর অধীনস্থ সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে।

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-২০১৫ (National Social Security Strategy-NSSS) অনুযায়ী সমন্বিত উপায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের অধীনে প্রদত্ত সুবিধার সুষম বণ্টন, উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া স্বচ্ছ ও শক্তিশালীকরণ এবং ইলেকট্রনিক উপায়ে সরাসরি উপকারভোগীদের মোবাইল হিসাব/ব্যাংক হিসাব নম্বরে Government to Person (G2P) Payment পদ্ধতিতে আর্থিক সুবিধা প্রদানের নিমিত্ত অনগ্রসর জনগোষ্ঠীর সুষম উন্নয়নকল্পে ইত:পূর্বে প্রণীত চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা-২০১৩, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন বাস্তবায়ন নীতিমালা-২০১৩ এবং দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা-২০১৩ একত্রিত করে **"অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন" শীর্ষক শিরোনামে সমন্বিত নীতিমালা-২০২৫** প্রণয়ন করা হয়েছে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা - ১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. **শিরোনাম।**– এই নীতিমালা **"অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন"** শীর্ষক শিরোনামে অভিহিত হবে।

৩. **সংজ্ঞা।– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায়-**

(১) **"অধিদপ্তর" অর্থ** সমাজসেবা অধিদপ্তর;

(২) **"ই-বিল" অর্থ** কার্যক্রমের আওতায় ইলেক্ট্রনিক উপায়ে দাখিলকৃত বিল;

(৩) **"কমিটি" অর্থ** কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এই নীতিমালায় অন্তর্ভুক্ত যে কোনো কমিটি;

(৪) **"কার্যক্রম" অর্থ** 'সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় আর্থ-সামাজিকভাবে পশ্চাৎপদ নিম্নমানের জীবনযাপনকারী এবং উন্নত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর জন্য গৃহীত কার্যক্রম;

(৫) **"কার্ড" অর্থ** কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর অনুকূলে ইস্যুকৃত পরিচয়পত্র;

(৬) **"কিস্তি" অর্থ** সুবিধাভোগীর অনুকূলে নির্দিষ্ট সময় অন্তর প্রদত্ত আর্থিক সুবিধা;

(৭) **"তথ্যভান্ডার কর্তৃপক্ষ" অর্থ** পরিচয়পত্র প্রদানকারী বা সংরক্ষণকারী কোনো প্রতিষ্ঠান অথবা কর্তৃপক্ষ;

(৮) **"অনগ্রসর জনগোষ্ঠী" অর্থ** চা-শ্রমিক, হিজড়া, বেদে এবং সমাজের বিভিন্ন অনগ্রসর সম্প্রদায় যেমন- জেলে, নিকারী, কৈরী, গড়, সন্যাসী, পাটনী, কুশিয়ারি, ঋষি, কায়পুত্র/কাওরা, কাহার, তাঁতী, বেহারা, পাটিকর, চৌদালী, নরসুন্দর/নাপিত, ডোমার, চুনারু/চুনকর, গোয়ালা, ডোম, কুমার, তেলুগু, হাজাম, রাউত, কুশিয়ারি, দেববর্মা, অহমিয়া, কাহার, জলদাস, মালাকার, কানপুরী, কামার, নমঃশূদ্র, অলমিক, কৈবর্ত, পরবাসী, কাপালিক, নায়েক, পৌন্ড্রক্ষত্রিয়/পোদ, রাজভর, বাউরি, বাওয়ালী, বীন, বুনো, বুনাজ, বাঁশফোর, বিন্দু, ভগবানীয়া/কর্তাভজা,ভুনজার, মাসুয়ারা, মান্তা, মৌয়াল, যুগী/নাথ, রজকদাস/ধোপা, রাজবংশী, রানাকর্মকার, রবিদাস, লিঙ্গাম, শব্দকর, সিং, হাজরা, হাঁড়ি, হেলা, বাল্মিকী, লালবেগী, ছাপরাইতা, মাঘাইয়া, আগারিয়া, বেলদার, কাদার, জালো, বাহেলিয়া, কারেঙ্গা, রাভা, বাদোয়ার, মাল, মাহার, মেচ, বাইতি, শুঁড়ি, দোষাদ, সুতার, মালী, কোটাল, তিওর, নাট, বাদ্যকর, কলু, নাকাসী, ধুনকর, মশালচী, চর্মকার, ভৌমিক, ভগত. মাটিয়াল, গাছি ইত্যাদি অনগ্রসর জনগোষ্ঠী হিসেবে বিবেচিত হবে। এছাড়া সরকার কর্তৃক সময়ে সময়ে বাস্তবতার নিরীখে কোন সম্প্রদায়কে অনগ্রসর ঘোষণা করা হলে তাও এ জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত হবে;

(৯) **"পরিচয়পত্র" অর্থ** উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ এবং অনগ্রসর ব্যক্তির প্রত্যয়নপত্র;

(১০) **"পে-রোল" অর্থ** কার্যক্রমের আওতায় আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত সফটওয়্যারের মাধ্যমে প্রেরিত সুবিধাভোগীর তথ্য;

(১১) **"পেমেন্ট পদ্ধতি" অর্থ** কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর নিকট আর্থিক সহায়তা প্রেরণ পদ্ধতি;

(১২) **"বাস্তবায়নকারী কর্তৃপক্ষ" অর্থ** সমাজসেবা অধিদপ্তর ও আওতাধীন কার্যালয়সমূহ;

(১৩) **"মন্ত্রীসভা কমিটি" অর্থ** সামাজিক নিরাপত্তা কর্মসূচী সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(১৪) **"মহাপরিচালক" অর্থ** সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক;

(১৫) **"শিক্ষা প্রতিষ্ঠান" অর্থ** সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/ সমমান প্রতিষ্ঠান, মাধ্যমিক বিদ্যালয়/ সমমান প্রতিষ্ঠান, মহাবিদ্যালয়/ সমমান প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, পাবলিক বিশ্ববিদ্যালয় বা স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান;

(১৬) **"শিক্ষা সৃতর" অর্থ এই নীতিমালার** অনুচ্ছেদ '১৪.২.৩' এ বর্ণিত শিক্ষার স্তর;

(১৭) **"প্রশিক্ষণ অর্থ"**১৮ বছরের উর্ধ্বে অনগ্রসর জনগোষ্ঠীকে সমাজসেবা অধিদপ্তর/স্থানীয় সরকারী/বেসরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান এর মাধ্যমে চাহিদার ভিত্তিতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান;

(১৮) **"সফটওয়্যার" অর্থ** কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কোনো সফটওয়্যার;

(১৯) **"হিসাব" অর্থ** এ কার্যক্রমের আওতায় প্রদত্ত আর্থিক সহায়তা গ্রহণের জন্য সুবিধাভোগীর অনুকূলে খোলা কোনো মোবাইল হিসাব নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর;

(২০) **"সুবিধা" অর্থ** সরকার কর্তৃক নির্ধারিত হারে প্রদত্ত অনগ্রসর ভাতা অথবা শিক্ষা উপবৃত্তি অথবা প্রশিক্ষণ অনুদান;

(২১) **"সুবিধাভোগী" অর্থ** কার্যক্রমের আওতায় অনগ্রসর ভাতা, শিক্ষা উপবৃত্তি ও প্রশিক্ষণের আওতাভুক্ত কোনো অনগ্রসর ব্যক্তি;

(২২) **"প্রার্থী বাছাই কমিটি" অর্থ** এ নীতিমালার অনুচ্ছেদ নম্বর-২১.০, ২২.০, ২৩.০, ২৪.০, ২৫.০ এবং ২৬.০ এ বর্ণিত কমিটিসমূকে বুঝাবে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

৪. **লক্ষ্য ও উদ্দেশ্য:**

(ক) দেশে বিদ্যমান দুঃস্থ, অবহেলিত, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা, কল্যাণ ও উন্নয়ন;

(খ) অনগ্রসর জনগোষ্ঠীকে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে পারিবারিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধি;

(গ) অনগ্রসর জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও সমাজের মূল স্রোতধারায় আনয়ন এবং

(ঘ) অনগ্রসর জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন।

৫. **কার্যক্রমসমূহ:**

(ক) বিশেষ ভাতা প্রদান;

(খ) শিক্ষা উপবৃত্তি প্রদান;

(গ) প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর অনুদান/আর্থিক সহায়তা/উপকরণ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান।

৬. **কার্যক্রমের পরিধি:**

(ক) বাংলাদেশের সকল উপজেলা, সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়নে স্থায়ীভাবে বসবাসরত **অনগ্রসর জনগোষ্ঠীর** আনুপাতিক হারে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট অর্থ-বছরের বরাদ্দ অনুযায়ী **'অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন'** কর্মসূচী

র আওতাভুক্ত হবে;

(খ) বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীগণ শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের আওতাভুক্ত হবে;

(গ) স্থায়ীভাবে বসবাসরত অনগ্রসর জনগোষ্ঠীর ১৮ বছরের উর্ধ্বে কর্মক্ষম ব্যক্তিগণ প্রশিক্ষণ কার্যক্রমের আওতাভুক্ত হবে।

৭. **কার্যক্রম বাস্তবায়ন কৌশল :**

(ক) সমাজসেবা অধিদপ্তরের Management Information System (MIS) অথবা এ সংক্রান্ত সফ্টওয়্যার ব্যবহার করে ইলেকট্রনিক পদ্ধতিতে আবেদন গ্রহণপূর্বক জাতীয় তথ্যভাণ্ডার কিংবা সংশ্লিষ্ট উৎস হতে লক্ষ্যভুক্ত ব্যক্তির দরিদ্রতা সংক্রান্ত PMT স্কোর (প্রযোজ্য ক্ষেত্রে) যাচাই করে এ নীতিমালা অনুসরণপূর্বক যোগ্য ব্যক্তিদের তালিকা প্রণয়ন করে বরাদ্দ অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে G2P পদ্ধতিতে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

(খ) সমাজসেবা অধিদপ্তরের MIS অথবা সফ্টওয়্যার ব্যবহার করে অনগ্রসর জনগোষ্ঠী'র জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও নিস্পত্তি করতে হবে।

৮. **তথ্য ভান্ডার ও ব্যবস্থাপনা:**

সমাজসেবা অধিদপ্তর নিজস্ব MIS-এর মাধ্যমে সুবিধাভোগীর তথ্যভান্ডার তৈরি করবে এবং কিস্তিভিত্তিক তালিকার সফটকপি ও হার্ডকপি সংশ্লিষ্ট অফিস সংরক্ষণ করবে। প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য তথ্য ভান্ডার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমঝোতার ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা হবে।

৯. **প্রচার-প্রচারণা:**

সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বিজ্ঞপ্তি জারির পাশাপাশি সংশ্লিষ্ট কমিটি, জনপ্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও জনসাধারণকে সম্পৃক্ত করে সভা, সেমিনার, উঠান বৈঠক, মাইকিং, সামাজিক যোগাযোগ মাধ্যম ও ইলেকট্রনিক-প্রিন্ট মিডিয়া ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। তবে, প্রযোজ্যক্ষেত্রে আইসিটি বিষয়ক নীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১০. **আবেদন গ্রহণ:**

অনগ্রসর ব্যক্তি অথবা তার প্রতিনিধি সংশ্লিষ্ট সফ্টওয়ার ব্যবহার করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন। তবে, যে সকল অনগ্রসর ব্যক্তি অনলাইনে আবেদন করতে সমস্যার সম্মুখীন হবেন স্থানীয় সমাজসেবা কার্যালয় কর্তৃপক্ষ তাদেরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

## ১১. বাছাই পদ্ধতি:

### ১১.১ উপজেলা এলাকা:

(ক) উপজেলা সমাজসেবা অফিসার প্রাপ্ত আবেদনসমূহ ইউনিয়ন কমিটির নিকট প্রেরণ করবেন;

(খ) ইউনিয়ন কমিটি প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালার আলোকে যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য উপাত্তসহ যোগ্য ও অযোগ্য আবেদনকারীর তালিকা প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটির নিকট প্রেরণ করবে;

(গ) উপজেলা কমিটি, ইউনিয়ন কমিটি থেকে প্রাপ্ততালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত তালিকা, একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা এবং বাতিলকৃত আবেদনসমূহের বাতিলের কারণ সম্বলিত তালিকা প্রস্তুতকরে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

(ঘ) ইউনিয়ন কমিটি নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রেরণে ব্যর্থ বা অসমর্থ হলে, উপজেলা কমিটি যাবতীয় কার্যাবলী সম্পাদন করবে।

### ১১.২ শহর এলাকা:

পৌরসভার বা সিটি কর্পোরেশন এলাকায় সমাজসেবা অফিসার প্রাপ্ত আবেদনসমূহের তালিকা প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ সংশ্লিষ্ট কমিটির নিকট উপস্থাপন করবে। কমিটি যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দ অনুযায়ী বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত তালিকা, অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা এবং বাতিলকৃত আবেদনসমূহের বাতিলের কারণ সম্বলিত তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

**বাছাই পদ্ধতির ফ্লো-চার্ট**




## ২. MIS-এ তথ্য সন্নিবেশন:

(ক) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার অনুমোদিত চূড়ান্ত তালিকা অনুযায়ী সুবিধাভোগীদের তথ্য এমআইএস (MIS) এ সন্নিবেশ করবেন। সন্নিবেশিত তথ্য নিয়মিত হালনাগাদ করবেন;

(খ) ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের প্রতিবন্ধী ব্যক্তিবর্গের তালিকার সফটকপি এবং হার্ডকপি সংশ্লিষ্ট স্ব স্ব ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের সমাজসেবা দপ্তর কর্তৃক সংরক্ষণ করতে হবে;

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

(গ) সমাজসেবা অফিসার চূড়ান্তভাবে নির্বাচিত সুবিধাভোগীর অনুকূলে প্রয়োজনীয় তথ্য সম্বলিত কার্ড ইস্যু করবেন এবং কার্ড বিতরণ সংক্রান্ত তথ্য রেজিস্টারে সংরক্ষণ করবেন।

**১৩. নির্ধারিত সময়সীমা:**

| ক্রম | বিবরণ | সর্বশেষ সময়সীমা |
|---|---|---|
| ১ | প্রচার-প্রচারণা | ০১ জুলাই থেকে ৩১ জুলাই |
| ২ | আবেদন গ্রহণ | ০১ আগস্ট থেকে ৩১ আগস্ট |
| ৩ | উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রাপ্ত আবেদন ইউনিয়ন কমিটিতে প্রেরণ | ০১ সেপ্টেম্বর থেকে ১০ সেপ্টেম্বর |
| ৪ | ইউনিয়ন কমিটি কর্তৃক সুপারিশসহ উপজেলা কমিটি বরাবর তালিকা প্রেরণ | ১১ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর |
| ৫ | উপজেলা বা পৌরসভা বা সিটি কর্পোরেশন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন | ০১ অক্টোবর থেকে ৩০ অক্টোবর |

**১৪. কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া:**

**১৪.১ বিশেষ ভাতা:**

**১৪.১.১ ভাতাভোগী নির্বাচনের মানদন্ড:**

(ক) শারীরিকভাবে অক্ষম অর্থাৎ সম্পূর্ণরূপে কর্মক্ষমতাহীন ব্যক্তিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে;

(খ) সর্বোচ্চ বয়স্ক ব্যক্তি, অনগ্রসর জনগোষ্ঠীর দরিদ্র, ভূমিহীন ও গৃহহীন ব্যক্তি, পরিবারে ১৮ বছরের নিচে আবেদনকারীর উপর নির্ভরশীল একাধিক সদস্য থাকলে তাকে ও নারী আবেদনকারীকে অগ্রাধিকার দিতে হবে।

**১৪.১.২ বিশেষ ভাতা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী:**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

(খ) সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;

(গ) অনগ্রসর জনগোষ্ঠীর সদস্য হতে হবে।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে) থাকতে হবে;

(ঙ) চা-শ্রমিকদের ক্ষেত্রে বয়স ১৮ বছর বা তদূর্ধ্ব; বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর বয়স ৫০ (পঞ্চাশ) বছর বা তদূর্ধ্ব এবং হিজড়া ব্যক্তির জন্য বয়সসীমা প্রযোজ্য নয়।

(চ) চা-শ্রমিক, বেদে অথবা অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠী প্রার্থীর বার্ষিক আয় অনূন ৯১,০০০ (একানব্বই হাজার) টাকা হতে হবে; তবে, হিজড়া জনগোষ্ঠীর ক্ষেত্রে বার্ষিক আয় বিবেচ্য নয়;

(ছ) বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

**১৪.২ শিক্ষা উপবৃত্তি:**

**১৪.২.১ শিক্ষার্থী নির্বাচনের মানদন্ড:**

(ক) মেধাবী শিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়া হবে;

(খ) স্বাস্থ্যগতভাবে দূর্বল শিক্ষার্থীকে অগ্রাধিকার দিতে হবে;

(গ) সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের অগ্রাধিকার দিতে হবে;

(ঘ) দরিদ্র, ভূমিহীন ও গৃহহীন অনগ্রসর শিক্ষার্থীকে অগ্রাধিকার দিতে হবে;

(ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের নিবাসীদের মধ্য হতে অনগ্রসর জনগোষ্ঠীভুক্ত শিক্ষার্থীকে অগ্রাধিকার দিতে হবে।

মোঃ বরকতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

**১৪.২.২ উপবৃত্তি প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী**

(ক) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

(খ) জন্ম সনদ অথবা প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র (NID) থাকতে হবে;

(গ) বয়স ৫ বছর বা তদূর্ধ্ব হতে হবে (জন্ম সনদ অনুযায়ী);

(ঘ) অনুচ্ছেদ ২ এর উপনুচ্ছেদ (১৫) অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত;

(ঙ) শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক গড় আয় অন্যূন ৯১,০০০ (একানব্বই হাজার টাকা) হতে হবে। তবে হিজড়া শিক্ষার্থী/শিক্ষার্থীর অভিভাবক এর জন্য বার্ষিক আয়সীমা প্রযোজ্য নয়:

(চ) তালিকাভুক্ত শিক্ষার্থীর বিদ্যালয়ে উপস্থিতির হার মাসে কমপক্ষে ৫০% থাকতে হবে এবং নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণসহ বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

(ছ) বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

**১৪.২.৩ উপবৃত্তি প্রদানের স্তর:**

(ক) প্রাথমিক স্তর : শিশু শ্রেণি হতে ৫ম/সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী;

(খ) মাধ্যমিক স্তর: ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি/সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী;

(গ) উচ্চ মাধ্যমিক স্তর: একাদশ হতে দ্বাদশ/সমমান শ্রেণি অধ্যয়নরত শিক্ষার্থী;

(ঘ) উচ্চতর স্তর: স্নাতক হতে স্নাতকোত্তর /সমমান শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থী।

## ১৫. সুবিধা বাতিল :

**১৫.১ ভাতা বাতিলের কারণ ও প্রক্রিয়া:**

(ক) ভাতাভোগী নিজ এলাকা ত্যাগ করে অন্যত্র স্থায়ীভাবে বসবাস করলে এবং ১ (এক) বছরের মধ্যে নিজ এলাকায় প্রত্যাবর্তন না করলে;

(খ) মৃত্যুবরণ করলে বা ভাতার জন্য তালিকাভুক্তির পর ভাতা গ্রহণে অনিচ্ছুক হলে;

(গ) একই ব্যক্তি একাধিক এলাকায় ভাতাগ্রহণ করেছেন কিংবা কোনো ধরণের মিথ্যা তথ্য প্রদান করেছেন মর্মে প্রমাণিত হলে তার ভাতা বাতিলসহ তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঘ) পরিবারের কোন সদস্যের বাল্যবিবাহ হলে।

**১৫.২ শিক্ষা উপবৃত্তি বাতিলের কারণ ও প্রক্রিয়া:**

(ক) যুক্তিসংগত কারণ ব্যতীত একটানা ৬ (ছয়) মাস ক্লাসে অনুপস্থিত থাকলে এবং চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে;

(খ) মৃত্যুবরণ করলে কিংবা তালিকাভুক্তির পর উপবৃত্তি গ্রহণে অনিচ্ছুক হলে;

(গ) সরকারি অন্য কোনো সংস্থা হতে নিয়মিত আর্থিক সুবিধা গ্রহণ করলে;

(ঘ) কোনো শিক্ষার্থী একাধিক স্তর কিংবা একই স্তরের ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে উপবৃত্তি গ্রহণ করলে;

(ঙ) মিথ্যা তথ্য প্রদান করে উপবৃত্তি গ্রহণ করলে;

(চ) পরিবারের কোন সদস্যের বাল্যবিবাহ হলে।

## ১৬. পরিশোধ পদ্ধতি:

অনগ্রসর জনগোষ্ঠীর আর্থিক সহায়তা কার্যক্রম নিম্নবর্ণিত পেমেন্ট ফ্লো-চার্ট অনুসরণপূর্বক ডিজিটাল পদ্ধতিতে সম্পাদিত হবে।

মোঃ বরকতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

## পরিশোধ পদ্ধতি ফ্লো-চার্ট




**ফ্লো-চার্টের বিবরণ:**

(ক) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার MIS-এর মাধ্যমে পে-রোল প্রস্তুতপূর্বক অধিদপ্তরে প্রেরণ;

(খ) সমাজসেবা অধিদপ্তর যাচাইপূর্বক পে-রোল অনুমোদন ও অর্থ বিভাগের আইবাস সিস্টেমে প্রেরণ;

(গ) অর্থ বিভাগ প্রাপ্ত সুবিধাভোগীর তথ্য যাচাইপূর্বক ই-বিল দাখিলের জন্য ডিডিও বরাবর প্রেরণ;

(ঘ) ডিডিও ই-বিল প্রস্তুতপূর্বক চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ;

(ঙ) সিএএফও কর্তৃক ই-বিল পাশ এবং EFT প্রেরণের নিমিত্ত এডভাইসসহ বাংলাদেশ ব্যাংক-এ প্রেরণ;

(চ) বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের সেটেলমেন্ট একাউন্ট ব্যবহার করে সুবিধাভোগীর হিসাবে অর্থ প্রেরণ।

### ১৭. প্রতিস্থাপন পদ্ধতি:

(ক) সুবিধাভোগী কোনো পেমেন্ট পিরিয়ড (কিস্তি)-এ মৃত্যুবরণ করলে, কেবলমাত্র উক্ত সময়ের অর্থ নমিনী প্রাপ্য হবেন। এক্ষেত্রে পূর্বেই মনোনীতব্যক্তি/নমিনির তথ্য সংশ্লিষ্ট MIS এ থাকতে হবে। ওয়ারিশ হিসেবে অন্য কোনো ব্যক্তি এ সহায়তা দাবী করতে পারবেন না;

(খ) মৃত্যুজনিত কারণসহ অনুচ্ছেদ-১৪ অনুযায়ী বাতিলকৃত সুবিধাভোগীর পরিবর্তে অনুমোদিত অপেক্ষমাণ তালিকার অগ্রাধিকার ক্রমানুসারে প্রতিস্থাপন করতে হবে এবং পরবর্তী কিস্তি থেকে প্রতিস্থাপিত ব্যক্তি এ সহায়তা প্রাপ্য হবেন। প্রতিস্থাপন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি'র (অনুচ্ছেদ ২০-২৫) পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

### ১৮. হিসাব নম্বর পরিবর্তন:

সুবিধাভোগী যৌক্তিক কারণ ব্যতীত হিসাব নম্বর পরিবর্তন করতে পারবেন না। প্রযোজ্য ক্ষেত্রে সুবিধাভোগীকে সমাজসেবা অফিসার বরাবর হিসাব নম্বর পরিবর্তনের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট কিস্তির পে-রোল প্রেরণের নির্ধারিত সময়ের পূর্বেই হিসাব নম্বর পরিবর্তন নিশ্চিত করতে হবে। পে-রোল প্রেরণের পরে কোনো ক্রমেই হিসাব নম্বর পরিবর্তন করা যাবে না। পরিবর্তিত হিসাব নম্বরের তালিকা উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

## ১৯. প্রশিক্ষণ:

অনগ্রসর জনগোষ্ঠীর উপযুক্ত দক্ষ, কর্মক্ষম ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলার নিমিত্ত প্রশিক্ষণপূর্বক সমাজের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হবে।

### ১৯.১ প্রশিক্ষণ মডিউল:

সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন শহর সমাজসেবা কার্যালয়/উপযুক্ত প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রস্তুতকৃত প্রশিক্ষণ মডিউল ব্যবহার করে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে ৬০ (ষাট) দিন অথবা সরকার কর্তৃক নির্ধারিত সময়ানুযায়ী মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ০৭ (সাত) দিনের আনুষ্ঠানিক মনোসামাজিক কাউন্সেলিং, সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ এবং ০৫ (পাঁচ) দিনের রিফ্রেশার্স ট্রেনিং প্রদান করা হবে।

অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর ক্ষেত্রবিশেষ কেন্দ্রিয়ভাবে প্রশিক্ষণ আয়োজন করতে পারবে।

**প্রশিক্ষণ ট্রেডসমূহ (সম্ভাব্য):**

- হেয়ার কাটিং;
- বিউটিফিকেশন;
- বেসিক ড্রাইভিং;
- অটোমোবাইল ও কার সার্ভিসিং ;
- মোবাইল সার্ভিসিং, টিভি, ফ্রিজ, এসি ইত্যাদি রিপেয়ারিং;
- ইলেক্ট্রিক্যাল ওয়ারিং এন্ড রিপেয়ারিং;
- সিকিউরিটি গার্ড ;
- কৃষি (হর্টিকালচার, পশুপালন, পোল্ট্রি, মৎস্য, মৌমাছি চাষ, মাশরুম ইত্যাদি );
- খাদ্য প্রক্রিয়াজাতকরণ;
- বেসিক কম্পিউটার অ্যাপ্লিকেশন;
- ড্রেস মেকিং এন্ড টেইলরিং;
- কেয়ার গিভিং;
- কুটির শিল্প (ব্লক-বাটিক, হস্ত শিল্প, কারচুপি, হ্যান্ড পেইন্টিং, গ্লাস পেইন্টিং, বাঁশবেত) অথবা স্থানীয় চাহিদার ভিত্তিতে অন্য যে কোন ট্রেড;
- সরকার কর্তৃক পরিবর্তিত পরিস্থিতিতে প্রয়োজনের নিরীখে অন্তর্ভুক্ত অন্যান্য ট্রেড।

### ১৯.২ প্রশিক্ষণ পদ্ধতি:

প্রশিক্ষণের জন্য বছরের শুরুতেই একটি কর্মপরিকল্পনা, প্রশিক্ষণ মডিউল তৈরি, রিসোর্স পার্সন নির্ধারণ এবং প্রশিক্ষণের ব্যয় নির্বাহের জন্য বাজেট প্রণয়ন করতে হবে। জেলা সমন্বয় কমিটির তদারকিতে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় এবং স্থানীয় সরকারি/বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সমাজসেবা অফিসারের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাজেট বরাদ্দ সাপেক্ষে সমাজসেবা অধিদপ্তর প্রশিক্ষণ সংক্রান্ত আর্থিক ব্যয় বহন করবে।

### ১৯.৩ বাস্তবায়ন কৌশল:

প্রশিক্ষণ ০৩ (তিন) টি ধাপে বাস্তবায়িত হবে:

প্রথম ধাপে মৌলিক প্রশিক্ষণে নির্দিষ্ট বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। মৌলিক প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণে অর্জিত জ্ঞান নিজেদের জীবনে কিভাবে কাজে লাগাবেন বা প্রয়োগ করবেন সে ব্যাপারে একটি ইচ্ছা তালিকা (Wish list) তৈরি করতে হবে।

দ্বিতীয় ধাপে বিভিন্ন বিষয়ের উপর সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। যা দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তন এবং প্রাত্যহিক জীবনে তার প্রয়োগ ঘটাতে ইতিবাচক ভূমিকা রাখবে। অনগ্রসর ব্যক্তিগণ উপবৃত্তি ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে এবং এ কার্যক্রমের অধীনে তাদের অধিকার ও প্রাপ্যতা সম্পর্কে অবহিত হবেন।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা - ১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CS CamScanner

তৃতীয় ধাপে রিফ্রেশার্স কোর্স-এ প্রশিক্ষণার্থীগণের মৌলিক প্রশিক্ষণ চলাকালে যে ইচ্ছা তালিকা তৈরি হয়েছিল, তার অগ্রগতি ফলো-আপ করা হবে। প্রশিক্ষণার্থীগণ ইচ্ছা তালিকার কতটুকু নিজেদের জীবনে প্রয়োগ করতে পেরেছে নির্ধারিত ট্রেডের প্রশিক্ষক তা যাচাই করবেন। যদি প্রয়োগ করতে না পারেন তবে তার কারণ জানবেন এবং সে অনুযায়ী পুনরায় সচেতনতা বৃদ্ধির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

**১৯.৪ প্রশিক্ষণোত্তর পুনর্বাসন :**

সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী প্রশিক্ষণার্থীকে সংশ্লিষ্ট কমিটির সুপারিশের ভিত্তিতে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অথবা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে আর্থিক অনুদান প্রদান, ঋণ সুপারিশ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা প্রদান করা হবে। এককালীন আর্থিক অনুদান প্রদানের ক্ষমতা সরকার সংরক্ষণ করবে।

সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি (অনুচ্ছেদ ২০-২৫) প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় রাষ্ট্রায়ত্ব ব্যাংক হতে ঋণ গ্রহণ ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত ক্ষুদ্রঋণ কার্যক্রম হতে ঋণ প্রদানের সুপারিশ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর এর ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে পল্লী সমাজসেবা কার্যক্রম/শহর সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা অনুসরণ করতে হবে।

## ২০. তথ্য-উপাত্ত ও সুবিধাভোগীর সংখ্যা সংরক্ষণ:

### ২০.১ তথ্য-উপাত্ত:

(ক) সমাজসেবা অধিদপ্তর প্রাপ্ত আবেদনের ভিত্তিতে অনগ্রসর সম্প্রদায়সমূহের প্রাপ্য সুবিধা সংখ্যা আন্তঃবিভাজন করবে;

(খ) সমাজসেবা কার্যালয়ে সুবিধাভোগীদের সকল তালিকার Hard ও Soft কপি অডিট কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(গ) সিটি কর্পোরেশন বা পৌরসভা এর স্থায়ী আবাস পরিবর্তনকারী প্রার্থীর ক্ষেত্রে অন্তত: ০১ (এক) বছর উক্ত এলাকায় স্থায়ীভাবে বসবাস করছেন মর্মে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর বা মেয়র কর্তৃক প্রত্যয়নপত্র সংরক্ষণ করতে হবে;

(ঘ) কোনো ইউনিয়ন বা পৌরসভা বা উপজেলা বা সিটি কর্পোরেশনের জন্য নির্ধারিত কোটা ঐ এলাকায় বসবাসকারী প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব না হলে, পার্শ্ববর্তী ইউনিয়ন/ উপজেলা বা পৌরসভা বা সিটি কর্পোরেশন যেখানে অধিকসংখ্যক সুবিধা প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন ব্যক্তি রয়েছে, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে উপজেলাধীন ইউনিয়ন বা পৌরসভায় এবং জেলা সমন্বয় কমিটির অনুমোদনক্রমে জেলাধীন অন্য উপজেলা বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এলাকায় স্থানান্তর করা যাবে। জেলার আওতাধীন মোট বরাদ্দ সমন্বয় করা সম্ভব না হলে অধিদপ্তরকে অবহিত করবে। সমাজসেবা অধিদপ্তর বরাদ্দ সংশোধনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঙ) প্রাপ্ত বরাদ্দ, ব্যয়, অব্যয়িত অর্থ এবং অতিরিক্ত ও প্রতিস্থাপিত সুবিধাভোগী সংক্রান্ত সমন্বিত বার্ষিক প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

### ২০.২ সুবিধাভোগীর সংখ্যা নির্ধারণ:

(ক) আবেদনের আনুপাতিক হারে ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের সুবিধাভোগীর সংখ্যা নির্ধারণ করতে হবে;

(খ) বিশেষ বিবেচনায়/প্রাকৃতিক দূর্যোগ/সরকার কর্তৃক ঘোষিত বিশেষ এলাকা অর্থাৎ দরিদ্র ও পশ্চাৎপদ এলাকার (চর/পাহাড়ী/দুর্যোগ প্রবণ/উপকূলীয় ও দূর্গম এলাকা) জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

(গ) সরকার জাতীয় স্বার্থে বিশেষ বিবেচনায় বাংলাদেশের যে কোন এলাকার জন্য সাধারণ বরাদ্দের অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

## ২১. ইউনিয়ন কমিটি:

### ২১.১ কমিটির রূপরেখা:

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | সভাপতি |
| ২. | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৫. | উপজেলা শিক্ষা অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা - ১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

| | | |
|---|---|---|
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট চা-বাগানের পঞ্চায়েত প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৮. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কর্তৃক মনোনীত অনগ্রসর জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য |
| ৯. | সকল সাধারণ সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ১০. | ইউনিয়ন সমাজকর্মী | সদস্য-সচিব |

**২১.২ কমিটির কর্মপরিধি:**

(ক) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদনগ্রহণের জন্য প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(খ) উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালার আলোকে যাচাই-বাছাই করবে;

(গ) নির্ধারিত সময়ের মধ্যে তথ্য-উপাত্তসহ যোগ্য ও অযোগ্য আবেদনকারীর তালিকা প্রস্তুত করবে;

(ঘ) প্রস্তুতকৃত তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটি বরাবর প্রেরণ করবে;

**বি:দ্র:** (১) কমিটির এক তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলেই কমিটির কোরাম পূর্ণ হবে।

(২) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

## ২২. উপজেলা কমিটি:

**২১.১ কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সভাপতি |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | সহ সভাপতি |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৪. | অফিসার ইনচার্জ (সংশ্লিষ্ট থানা) | সদস্য |
| ৫. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ৯. | সভাপতি কর্তৃক মনোনীত অনগ্রসর জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য-সচিব |

স্থানীয় মাননীয় সংসদ সদস্য কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেশ প্রদান করবেন।

**২২.২ কমিটির কর্মপরিধি:**

(ক) উপজেলা কমিটি ইউনিয়ন কমিটি থেকে প্রাপ্ততালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাই করবে;

(খ) বরাদ্দ অনুযায়ী একটি চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে;

(গ) একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করবে;

(ঘ) বাতিলকৃত আবেদনসমূহের তালিকা প্রস্তুতকরে সংশ্লিষ্ট সকলকে বাতিলের কারণ অবহিত করবে;

**বি:দ্র:** (১) কমিটির প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(২) কমিটির এক তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলেই কমিটির কোরাম পূর্ণ হবে।

(৩) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

## ২৩. পৌরসভা কমিটি (সকল পৌরসভার জন্য):

**২৩.১ কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | মেয়র, জেলা/উপজেলা পর্যায়ের পৌরসভা | সভাপতি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (জেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে)/উপজেলা নির্বাহী অফিসার (উপজেলা পর্যায়ের ক শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে) অথবা তাঁর প্রতিনিধি (উপজেলা পর্যায়ের খ ও গ শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে) | সহ সভাপতি |
| ৩. | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি ১ জন | সদস্য |
| ৪. | সিভিল সার্জনের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | সদস্য |
| ৫. | জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | সদস্য |
| ৬. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-১ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| | | |
|---|---|---|
| | (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | |
| ৭. | উপপরিচালক, জেলা মহিলা ও শিশু বিষয়ক কার্যালয় (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | সদস্য |
| ৮. | কাউন্সিলর (সকল) | সদস্য |
| ৯. | সভাপতি কর্তৃক মনোনীত অনগ্রসর জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য |
| ১০. | সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার | সদস্য সচিব |

**২৩.২ পৌরসভা কমিটির কর্মপরিধি:**

(ক) পৌরসভা কমিটি অনলাইনে প্রাপ্ত তালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাই করবে;

(খ) বরাদ্দ অনুযায়ী একটি চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে;

(গ) একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করবে;

(ঘ) বাতিলকৃত আবেদনসমূহের তালিকা প্রস্তুতকরে সংশ্লিষ্ট সকলকে বাতিলের কারণ অবহিত করবে;

**বি:দ্র:** (১) কমিটির প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(২) কমিটির এক তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলেই কমিটির কোরাম পূর্ণ হবে।

(৩) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

## ২৪. সিটি কর্পোরেশন কমিটি:

**২৪.১ কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২. | স্থানীয় মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৩. | মেয়রের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৪. | জেলা প্রশাসকের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণ | সদস্য |
| ৬. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়ের প্রতিনিধি | সদস্য |
| ১০. | সভাপতি কর্তৃক মনোনীত অনগ্রসর জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য |
